গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০
www.boiler.gov.bd

১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৬.১১.০০০০.০০১.১৬.০০৫.২৩.৫৭৬

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) মাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: নং- ৩৬.০০.০০০০.০৫১.২৭.০০৫.১৭.২০২ তারিখঃ ০৩/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের প্রধান কার্যালয়ে এবং আঞ্চলিক কার্যালয়সমূহে সেপ্টেম্বর'২৩ মাসে পত্র/দরখাস্তযোগে বা অনলাইনে কোনো অভিযোগ পাওয়া যায় নাই (সংযুক্তি-১)। উল্লেখ্য যে, এ কার্যালয়ের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৬ এর ১.১.১ অনুচ্ছেদে জিআরএস সিস্টেমে কোন অভিযোগ পাওয়া না গেলে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে এ কার্যালয়ে গত ০৪/০৯/২০২৩ তারিখ স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪টি অভিযোগ পাওয়া যায় এবং অভিযোগ ০৪ টি নিষ্পত্তি করা হয়েছে (সংযুক্তি-২)।

ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ পাতা।

Surojit

০২-১০-২০২৩
প্রকৌশলী সুরজিত বর্মন
উপ প্রধান বয়লার পরিদর্শক
cib@boiler.gov.bd

উপসচিব, এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়।

# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## দপ্তর/সংস্থার নাম : প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

মাসের নাম : সেপ্টেম্বর, ২০২৩

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ* | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫-৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শূন্য | শূন্য | শূন্য | শূন্য | শূন্য | শূন্য | শূন্য | শূন্য | সেপ্টেম্বর'২৩ মাসে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহে পত্র/দরখাস্তযোগে বা অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায় নাই। |

০১/১০/২৩

(প্রকৌশলী সুরজিত বর্মন)
উপ-প্রধান বয়লার পরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়

**স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ বিষয়ে সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান<br>প্রধান বয়লার পরিদর্শক |
| সভার তারিখ | : | ০৪/০৯/২০২৩ খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ টা |
| স্থান | : | এনপিও সম্মেলন কক্ষ |

সভাপতি সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি অভিযোগ বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভার বিষয়ভিত্তিক আলোচনার জন্য জনাব প্রকৌশলী রিজভী আহমেদ, বয়লার পরিদর্শককে সভায় বিষয়বস্তু উপস্থাপনের জন্য আহবান জানান।

সভাপতি বলেন, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় কোনো অভিযোগ পাওয়া যায়নি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২৩-২৪ মোতাবেক যদি এ কার্যালয়ের কার্যক্রমের বিষয়ে কোনো অভিযোগ পাওয়া না যায়, সেক্ষেত্রে স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভার মাধ্যমে সরাসরি অভিযোগ গ্রহণের বিধান রয়েছে । সে প্রেক্ষিতে আজকের এই সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি উপস্থিত অংশগ্রহণকারীদের কোনো অভিযোগ থাকলে তা উপস্থাপনের জন্য আহবান জানান।

সভাপতির আহ্বানের প্রেক্ষিতে জনাব মোঃ জাওয়াহিরুল গনি, ব্যবস্থাপনা পরিচালক, মডার্ণ ইরেকশন লিমিটেড ও সভাপতি, বাংলাদেশ বয়লার ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (প্রস্তাবিত) এর পক্ষ থেকে কয়েকটি বিষয়ে অভিযোগ উত্থাপন করেন । আনীত অভিযোগ ও প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক দেয়া সমাধান/পরামর্শ নিম্নরূপ-

| ক্রমিক নং | অভিযোগ | সমাধান/পরামর্শ |
|---|---|---|
| ০১ | বয়লার নির্মাণকারীরা বাংলাদেশে সর্বোচ্চ ২০০ বর্গমিটার হিটিং সারফেসের বয়লার নির্মাণ করতে পারেন। তারা এর চেয়ে আরও বেশি বড় বয়লার নির্মাণ করতে ইচ্ছুক, কিন্তু রেগুলেশনের সীমার কারণে সমস্যা হচ্ছে। এই বিষয়ে পরামর্শ বা করণীয় জানতে চান এবং পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | জবাবে সভার সভাপতি ও প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বলেন, বাংলাদেশে ২০০৭ সালের পূর্ব পর্যন্ত বয়লার নির্মাণ করার সুযোগ ছিলো না। ২০০৭ সালে বাংলাদেশ বয়লার রেগুলেশন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে বয়লার নির্মাণের সুযোগ তৈরি করা হয়। কিন্তু বাংলাদেশ বয়লার রেগুলেশন মোতাবেক ২০০ বর্গমিটারের অধিক হিটিং সারফেসের বয়লার নির্মাণ করার সুযোগ নেই। বাংলাদেশ বয়লার রেগুলেশন সংশোধনীর মাধ্যমে এই সুযোগ সৃষ্টি করা সম্ভব। প্রস্তাবিত বয়লার বিধি, ২০২৩ প্রণয়নের পরে বাংলাদেশ বয়লার রেগুলেশন (বয়লার কোড) সংশোধনীর উদ্যোগ নেয়া হবে। বয়লার কোড প্রণয়নের সময় বর্ণিত বিষয়টি বিবেচনা করা হবে। |

| ক্রমিক নং | অভিযোগ | সমাধান/পরামর্শ |
|---|---|---|
| ০২ | বয়লার জলীয় পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য থার্ড পার্টি প্রতিষ্ঠানকে সুযোগ দেয়া হচ্ছে, বয়লার নির্মাণকারীদের সুযোগ দেয়া হচ্ছে না। বয়লার নির্মাণকারী জলীয় পরীক্ষা করতে পারবেন কিনা তা জানতে চান। | জবাবে সভাপতি বলেন, বয়লার জলীয় পরীক্ষা করার জন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে তালিকাভুক্ত কোনো প্রতিষ্ঠান নেই। প্রস্তাবিত বয়লার বিধি, ২০২৩ প্রণয়নের পরে তালিকাভুক্ত করা হবে। বর্তমানে যেকোন প্রতিষ্ঠান যাদের বয়লার জলীয় পরীক্ষা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা রয়েছে, তারা বয়লার জলীয় পরীক্ষা করতে পারবে। সেক্ষেত্রে বয়লার নির্মাণকারীদের বয়লার জলীয় পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ কাজ করার জন্য কোন বাধা নেই। |
| ০৩ | বয়লার নির্মাণ ও ব্যবহারের ক্ষেত্রে ইলেক্ট্রোড বয়লারের ক্ষমতা কম হওয়া স্বত্বেও সর্বোচ্চ ফি আদায় করা হচ্ছে। | জবাবে সভার সভাপতি বলেন, বিদ্যমান বয়লার বিধি মোতাবেক ইলেক্ট্রোড বয়লারের জন্য কোন ফি নির্ধারণ করা নেই। তাই এই ফি আদায় করা হচ্ছে। বয়লার আইন ২০২২ এ ইলেক্ট্রোড বয়লারের বিষয় নির্ধারিত হয়েছে। প্রস্তাবিত বয়লার বিধি, ২০২৩ এ ইলেক্ট্রোড বয়লারের জন্য ফি এর প্রস্তাব রাখা হয়েছে। প্রস্তাবিত বয়লার বিধি ২০২৩ প্রণয়নের পরে এই সমস্যার সমাধান হবে। |
| ০৪ | দেশে অনেক জায়গাতেই অবৈধভাবে বয়লার নির্মাণ করা হচ্ছে। কিছু অবৈধ নির্মাণকারীর তথ্য বাংলাদেশ বয়লার ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (প্রস্তাবিত) এর কাছে আছে। বয়লার অফিসের একটি প্রতিনিধি দল ও বাংলাদেশ বয়লার ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (প্রস্তাবিত) এর প্রতিনিধি দল এর সমন্বিত পরিদর্শনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | সভাপতি এই বিষয়ে একমত পোষণ করেন এবং অবৈধ বয়লার নির্মাণকারীর তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানান। অবৈধ বয়লার নির্মাণকারীর তথ্য পাওয়ার পর তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেয়া হবে। |

সভায় আলোচনা শেষে সভাপতি, অভিযোগ প্রতিকার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং কার্যালয়ের সকলকে সচেষ্ট থাকার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৭/২৩

(প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান)
প্রধান বয়লার পরিদর্শক